নিরাপত্তাঝুঁকিতে সৌদি আরব ছাড়তে মার্কিন কর্মকর্তাদের নির্দেশ



ছবি: সংগৃহীত

নিরাপত্তাঝুঁকি বিবেচনায় সৌদি আরবে কর্মরত জরুরি দায়িত্বের বাইরে থাকা মার্কিন সরকারি কর্মকর্তা ও তাঁদের পরিবারের সদস্যদের দেশটি ছাড়ার পরামর্শ দিয়েছে যুক্তরাষ্ট্র। রিয়াদে অবস্থিত মার্কিন দূতাবাস নতুন করে এ সতর্কতা জারি করেছে।

এর আগে গত ২৩ অক্টোবর একই বিষয়ে নির্দেশনা দিয়েছিল মার্কিন পররাষ্ট্র দপ্তর। এরই ধারাবাহিকতায় আবারও সতর্ক করেছে দূতাবাস।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া বিবৃতিতে দূতাবাস জানায়, ইরান-সমর্থিত হুথি গোষ্ঠীর ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার আশঙ্কায় সৌদি আরবের যেকোনো বিমানবন্দর ব্যবহার করতে মার্কিন সরকারি কর্মীদের মিশনপ্রধানের অনুমতি নিতে হবে।

বিবৃতিতে আরও বলা হয়, বিমানবন্দরে নতুন করে হামলা, আকাশসীমা বন্ধ, ফ্লাইট বাতিল এবং যাতায়াতে বিঘ্ন ঘটতে পারে। এ পরিস্থিতিতে সৌদি আরবে থাকা মার্কিন নাগরিকদের সতর্ক থাকতে এবং ভ্রমণ পরিস্থিতির হালনাগাদ তথ্য অনুসরণ করতে বলা হয়েছে।

LENS ASIA